

লিপি
কলকাতা, বৃহস্পতিবার, ৩১ আগস্ট, ২০১৭
Kolkata : Thursday : August 31, 2017
Arthik Lipi, Page 8

মেয়র নিয়ে শেষ সিদ্ধান্ত নেবেন মমতাই

নিজস্ব সংবাদদাতা, দুর্গাপুর ঃ দুর্গাপুর নগর নিগমে মেয়র কে হবেন কেই বা পাবেন মেয়র পারিষদ পদ জল্পনা তুঙ্গে। ম্যারাথন মেয়র রেসে অনেকটাই পিছিয়ে পড়েছেন প্রাক্তন আমলা প্রদীপ অগস্তি বলে সূত্রের খবর। পিছিয়ে পড়ছেন অনেকেই। রেসের শেষ পাঁচ কিলোমিটারে অনেকটাই এগিয়ে মেয়েরা। আগামী ৫ সেপ্টেম্বরে দুর্গাপুরের নবান্নের চালকদের নাম ঘোষণা হবে। পৌরহিত্য করবেন বিদায়ী বোর্ডের ডেপুটি মেয়র অমিতাভ বন্দ্যোপাধ্যায়। সূত্রের খবর তালিকা তৈরি করে দলনেত্রীর নির্দেশে খাম আসবে দুর্গাপুরে। আর ৬ সেপ্টেম্বর ঘোষণা হবে সেই তালিকা। তবে এ বিষয়ে কেউই মুখ খুলতে রাজী নন। পাছে যদি নাম বাদ চলে যায় শেষ মুহূর্তে। সূত্রের খবর, পুরনিগম ভোটের আগে বিদায়ী মেয়রের গোঁসা ভাঙানোর দিনে সমঝোতা হয়েছিল বিদায়ী মেয়রের সম্মতিতে নতুন বোর্ডের মেয়র ঠিক করা হবে। যার নামের পাশে কালো দাগ দেবেন তিনি মেয়র হবেন না আর যার নামের পাশে ঠিক দাগ দেবেন তিনি হতে পারেন মেয়র। কার্যত লড়াই সেই কংগ্রেস বিধায়ক বিশ্বনাথ পাড়িয়াল বনাম প্রাক্তন তৃণমূল বিধায়ক অপূর্ব মুখোপাধ্যায়। সুত্রের খবর দলনেত্রী চাইছেন মহিলাদের হাতেই যাক এবার দুর্গাপুরের নবান্ন। হয়তো এই প্রথম দুর্গাপুর পেতে চলেছে মহিলা মেয়র। সূত্রের খবর অনুসারে শেষ দৌড়ে অনেকটাই এগিয়ে আছেন তৃণমূলের প্রাক্তন বিধায়ক অপূর্ব মুখোপাধ্যায়ের স্ত্রী দুই বারের কাউন্সিলার অনিন্দিতা মুখোপাধ্যায়। তালিকায় ডেপুটি মেয়র হিসাবে নাম রয়েছে পবিত্র চট্টোপাধ্যায়ের। চেয়ারম্যান পদে নাম রয়েছে কংগ্রেস বিধায়ক বিশ্বনাথ পাড়িয়ালের স্ত্রী তথা তৃণমূল কাউন্সিলার রুম্মা পাড়িয়ালের। মেয়র পারিষদ (পূর্ত) করা হচ্ছে প্রাক্তন ডেপুটি মেয়র অমিতাভ বন্দ্যোপাধ্যায়কে বলে সূত্রের খবর। সূত্রের খবর অনুসারে, বেশ কিছু নতুন মুখকে এবার মেয়র পারিষদ করা হচ্ছে। তালিকার উপরের দিকে নাম রয়েছে ধৃতি বন্দ্যোপাধ্যায়, ডঃ ছবি নন্দি, দীপঙ্কর লাহা, দেবব্রত সাঁই সহ বেশ কয়েকজনের। দুর্গাপুরের তৃণমূল জেলা সভাপতি উত্তম মুখোপাধ্যায় বলেন, সংবাদ মাধ্যমের গল্প লেখার রসদ তিনি দিতে পারবেন না। মেয়র থেকে মেয়র পারিষদ সমস্ত পদ ঠিক করবেন দলনেত্রী বলে জানান তৃণমূল জেলা শিল্পাঞ্চল সভাপতি। সময় বলবে দুর্গাপুরের নবান্নের স্টিয়ারিং কার হাতে থাকবে তবে এই মুহূর্তে মেয়েরাই মেয়র রেসে এগিয়ে। বিশেষ সূত্রে জানা গেছে, দুর্গাপুর নিয়ে আগামী ৩ সেপ্টেম্বর কলকাতায় বসছেন দলের সুপ্রিমো মমতা ব্যানার্জী। যে বৈঠকে শুধুমাত্র উপস্থিত থাকবেন নেত্রী ছাড়া মন্ত্রী অরুপ বিশ্বাস, স্বপন দেবনাথ, সুব্রত মুখার্জী, পার্থ চ্যাটার্জী ও অভিষেক বন্দ্যোপাধ্যায়। ৩ তারিখের এই বৈঠকে দুর্গাপুরের তৃণমূল বোর্ডের ভবিষ্যৎ ঠিক হয়ে যাবে আর তারপর আগামী ৬ তারিখেই সকলে জানতে পারবেন কে বসবেন দুর্গাপুরের মসনদে।

নবদ্বীপে রেলের বিনোদন পার্ক সংস্কারের দাবি বাসিন্দাদের

শ্যামল রায়, নদীয়া

চৈতন্য ভূমি নবদ্বীপ ধাম রেল স্টেশন এলাকার আলাদা একটা গুরুত্ব রয়েছে। এখানে রয়েছে রেলের একটি বিনোদন পার্ক। বিনোদন পার্কটি দীর্ঘদিন ধরে পরিত্যক্ত অবস্থায় পড়ে থাকতে দেখা গিয়েছে কিন্তু নেই কোন খেলাধুলা বা শিশুদের পক্ষে বিনোদন পার্ক ব্যবহারের যোগ্য সরঞ্জাম। তাই রেল কলোনি বাসিন্দারা দাবি করেছেন যে অতি শীঘ্রই বিনোদন পার্ক সংস্কার করা হোক। এই পার্কের দোলনা সহ বহু সরঞ্জাম নষ্ট হতে চলেছে, বন জঙ্গলে ভরে গেছে। বিনোদন পার্কটি সংস্কার করে ব্যবহারের উপযোগী করে তোলার দাবি করেছেন রেল বাসিন্দারা। রেলের বাসিন্দা ছোটকা দে জানিয়েছেন যে, তাদের ছেলেমেয়েদের জন্য এই বিনোদন পার্ক একটি গুরুত্বপূর্ণ খেলার স্থান কিন্তু বর্তমানে তা ব্যবহারের অনুপযুক্ত হয়ে রয়েছে। তারা দাবি করেছেন, বিনোদন পার্কটি অত্যাধুনিক পার্কে রূপ দেওয়া হোক। এলাকার বাসিন্দাদের আরও অভিযোগ, রেল কর্তৃপক্ষ এই ব্যাপারে সম্পূর্ণভাবে উদাসীন থাকার কারণে বিনোদন পার্কে আবাসিকদের থাকার জায়গাগুলোতে বনজঙ্গলে ভরে গিয়েছে। জানা গিয়েছে যে, নবদ্বীপের আরপিএফ বিনোদন পার্ক সংস্কার করার উদ্যোগ গ্রহণ করেছে। বিনোদন পার্কটি সংস্কার বলতে নোংরা আবর্জনাটুকু সাফ করা হবে বলে জানা গিয়েছে। অনেকে বলছেন যে, কয়েক বছর আগে নবদ্বীপ রেল কলোনি এক অন্য মাত্রায় ছিল আজ রেল কলোনির আবাসনগুলি ভাঙাচোরা অবস্থায় পরিণত হচ্ছে। আবাসনগুলি কোনরকম সংস্কার করার উদ্যোগ এখনো রেল কর্তৃপক্ষও নেয়নি বলে অভিযোগ বাসিন্দাদের। তাদের দাবি যে, তাদের পরিবারের ছেলেমেয়েদের একমাত্র খেলার স্থান বিনোদন পার্ক। তাই বিনোদন পার্কটি সংস্কার করে খেলার উপযোগী করে গড়ে তোলা হোক।

ছুরিতে আহত বন্ধু

নিজস্ব সংবাদদাতা, আসানসোল ঃ বন্ধুকে ছুরিকাহত করার অভিযোগ বন্ধুর বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে আসানসোলের হিরাপুর থানার শাতা গ্রামে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, মঙ্গলবার রাতে আহত ছাত্র চিরঞ্জিত ব্যানার্জীর বাড়িতে যায় বন্ধু বিকাশ সোম মাঝি। সে সময় বাড়িতে চিরঞ্জিত একাই ছিল বলে জানিয়েছে পলিটেকনিকের ছাত্র চিরঞ্জিত। কথা বলতে বলতে হঠাৎ করে চিরঞ্জিতের উপর ছুরি নিয়ে আঘাত হানতে শুরু করে বিকাশ বলে চিরঞ্জিতের অভিযোগ। ঘটনায় চিরঞ্জিতের পেটে ও গলায় আঘাত লাগে বলে জানা গেছে, পুলিশ সূত্রে। চেঁচামেচিতে স্থানীয়রা বিকাশকে ধরে ফেলে। খবর দেওয়া হয় হিরাপুর থানার পুলিশকে। চিরঞ্জিতকে চিকিৎসার জন্য আসানসোল জেলা হাসপাতালে পাঠায় পুলিশ। মঙ্গলবার রাতে আসানসোল জেলা হাসপাতালে চিরঞ্জিত জানায়, আমি বাড়িতে পড়ছিলাম। মা একটু পাশের বাড়িকে গিয়েছিল। হাপাতে হাপাতে আসে, আমার সাথে কথা বলে। আমাকে এক গ্লাস জল দিতে বলে। তারপর আবার এক গ্লাস জল দিতে বলে আমি জল নিয়ে আসার সময় হঠাৎ করে ছুরি নিয়ে আঘাত করা শুরু করে। ছেলেটি ক্লাস পঞ্চম শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত আমার সাথেই পড়েছে। কি কারণে আমার সাথে রাগ বুঝতে পারছিনা। হিরাপুর থানার পুলিশ বিকাশকে আটক করেছে, কি কারণে এই ঘটনা সে ব্যাপারে তদন্ত শুরু করেছে হিরাপুর থানার পুলিশ।

গৃহবধূর মৃত্যুতে অভিযোগ দায়ের

নিজস্ব সংবাদদাতা, আসানসোল ঃ গৃহবধূর অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে বধূ হত্যার অভিযোগ শ্বশুড়বাড়ির বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে আসানসোলের হিরাপুর থানার রিভার সাইট এলাকায়। পুলিশ ও মহিলার বাপের বাড়ির সূত্রে জানা গেছে, বাঁকুড়া জেলার সোনামুখীর বাসিন্দা বৈশাখি ব্যানার্জীর দুবছর আগে বিয়ে হয় আসানসোলের হিরাপুরের বাসিন্দা দয়াময় ব্যানার্জীর সাথে। তাদের একটি এক বছরের কন্যা সন্তান রয়েছে। বৈশাখীর বাপের বাড়ির অভিযোগ মঙ্গলবার তাদের ফোন করে জানানো হয় বৈশাখির শরীর খারাপ। খবর পেয়ে বৈশাখির বাপের বাড়ির লোক রিভার সাইট এলাকায় এলে, তারা দেখে বৈশাখির দেহ শায়িত অবস্থায় রয়েছে। তাদের মেয়েকে খুন করা হয়েছে বলে অভিযোগ করতে থাকে বৈশাখির আত্মীয় কুন্তল কোনার ও বাবা মানিক ব্যানার্জী সহ পরিবারের সদস্যরা। ঘটনার খবর পেয়ে হিরাপুর থানার পুলিশ ঘটনাস্থলে এসে বৈশাখির দেহ উদ্ধার করে নিয়ে আসে। বুধবার সকালে হিরাপুর থানায় বধূহত্যার অভিযোগ জানানো হয় বৈশাখির পরিবারের পক্ষ থেকে। এদিন বৈশাখির আত্মীয় কুন্তল কোনার বলেন, আমাদের বোন ফোন করে বলে মা আমি আর বাঁচতে পারবনা। মঙ্গলবার বিকাল তিনটে নাগাদ জামাই ফোন করে বলে বোন আত্মহত্যা করেছে। শারীরিক ও মানসিক অত্যাচার করা হত। আমরা বিচার চাই। মৃতার আর এক আত্মীয় নিতাই ব্যানার্জী বলেন, পয়সার জন্য এরা বরাবর চাপ দিয়ে আসছে। দশদিন আগে মা ও বাবা এসে টাকা দিয়ে গেছে। আমরা তিনজনের বিরুদ্ধে অভিযোগ জানাচ্ছি, আমরা চাই ওদের কঠিন সাজা হোক। বৈশাখির বাবা মানিক ব্যানার্জী বলেন, কেন মারলো কিছু বলতে পারছি না। মেয়ে আমার খুব ঠান্ডা ছিল। কয়েকদিন আগে আমি টাকা দিয়ে যাই। ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। এই ঘটনায় হিরাপুর থানার পুলিশ একজনকে আটক করেছে বলে পুলিশ সূত্রে জানা গেছে। ময়নাতদন্তের জন্য দেহটি আসানসোল জেলা হাসপাতালে পাঠায় পুলিশ।

দুর্গাপুরের লাউদোহায় যুবসংসদ

নিজস্ব সংবাদদাতা, দুর্গাপুর ঃ বুধবার দুর্গাপুরের লাউদোহা ব্লকে আয়োজিত হল যুব সংসদ প্রতিযোগিতা। এই ব্লকের মোট ৮টি বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে এই যুব সংসদ বা মক পার্লামেন্ট প্রতিযোগিতা আয়োজিত হয়। এই অনুষ্ঠানে উপস্থিত থেকে সমগ্র অনুষ্ঠানটির পৌরোহিত্য করেন লাউদোহার বিডিও শুভ সিনহা রায়। কচিকাঁচাদের সামনে লোকসভার সমস্ত কিছু তুলে ধরা হয়। একজন দক্ষ সাংসদ হতে গেলে তাকে কি কি নিয়ম শৃঙ্খলা মেনে চলতে হয়, লোকসভায় অধ্যক্ষের ভূমিকা কি তাও বিস্তারিতভাবে তুলে ধরা হয় আধুনিক প্রজন্মের কাছে। সাংসদকে কিভাবে কখন প্রশ্নোত্তর পর্বে নিজের এলাকার সমস্যা তুলে ধরে লোকসভায় শাসকদলের দৃষ্টি আকর্ষণ করতে হয় সেসম্পর্কে বিস্তারিত জানানো হয়। প্রগতি পাল এবং মলয় মন্ডল নামক দুই ছাত্র-ছাত্রী নিজেদের এই অভিনব অভিজ্ঞতার কথা তুলে ধরে বলে, দারুন অভিজ্ঞতা হল। একজন সাংসদের ভূমিকা লোকসভায় কি তা বুঝতে পারলাম। শাসক দলের সাংসদ এবং বিরোধী দলের সাংসদরা দেশের কোনো নতুন আইন প্রণয়নের ক্ষেত্রে কেমন ভূমিকা গ্রহণ করবেন সেসম্পর্কেও যুব সংসদ প্রতিযোগিতায় বিস্তারিতভাবে তুলে ধরা হয়। সব মিলিয়ে এভাবে যদি ধারাবাহিকভাবে রাজ্যের বিভিন্ন ব্লকে ব্লকে ছাত্র-যুবদের নিয়ে এরকম মক পার্লামেন্টের আয়োজন ধারাবাহিকভাবে হয় তাহলে একদিন এদেশের সাংসদদের ভূমিকা নিয়ে আর প্রশ্নচিহ্ন থাকবে না আর নিজের এলাকার সাংসদদের লোকসভায় চুপ করে বসেও থাকতে দেখা যাবে না।

কুলটিতে পথদুর্ঘটনায় মৃত ১, আহত ১

নিজস্ব সংবাদদাতা, আসানসোল ঃ দু নম্বর জাতীয় সড়কের উপর গাড়ি দুর্ঘটনায় মৃত এক আহত এক। ঘটনাটি ঘটেছে আসানসোলের কুলটি থানার দেবীপুরে ২ নম্বর জাতীয় সড়কের উপর। পুলিশ সূত্রে জানা গেছে, মঙ্গলবার ভোর রাতে দেবীপুরের কাছে ঝাড়খন্ডের এই চার চাকা গাড়িটি কোন গাড়ির সাথে ধাক্কা লাগে বলে অনুমান পুলিশের। ঘটনায় ঝাড়খণ্ডের গোবিন্দপুরের বাসিন্দা এনায়েত আনসারির (৩৬) মৃত্যু হয়। অপর এক যাত্রী নীরজ প্রকাশ সিংকে পুলিশ আসানসোল জেলা হাসপাতালে পাঠায় চিকিৎসার জন্য। কিভাবে এই দুর্ঘটনা সে ব্যাপারে খতিয়ে দেখছে আসানসোলের কুলটি থানার পুলিশ।

রাজ্য সম্মেলনের প্রস্তুতিতে আসানসোলে বেচারাম মান্না

নিজস্ব সংবাদদাতা, আসানসোল ঃ আগামী ১০ তারিখ তৃণমূলের কিষাণ ক্ষেত মজদুর সেলের রাজ্য সম্মেলন অনুষ্ঠিত হতে চলেছে। তারই প্রস্তুতি সভাতে আসানসোল জেলা তৃণমূলের কার্যালয়ে উপস্থিত হয়েছিলেন তৃণমূলের কৃষক সভার নেতা বেচারাম মান্না। এদিনের বৈঠকে দলীয় কর্মীদের মধ্যে নির্বাচিত প্রতিনিধিদের যেমন আগামী ১০ তারিখের সম্মেলনে যোগ দেওয়ার আহ্বান জানানো হয়, তেমনি সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে লড়ার জন্যে ব্যক্তি প্রচার ছেড়ে দল ও সরকারের জনহিতকর প্রকল্পগুলির সাফল্যের খতিয়ান তুলে ধরে সোস্যাল মিডিয়া থেকে সর্বত্র প্রচারে যেতে বললেন বেচারাম মান্না। তিনি জানালেন, আগামী ১০ তারিখের সভাটি এক প্রকার রাজনৈতিক প্রশিক্ষণ শিবির হতে চলেছে কলকাতার নজরুল মঞ্চে, আগামী পঞ্চায়েত ভোটের দিকে তাকিয়ে। যেখানে কন্যাশ্রী, সবুজশ্রী প্রকল্পে কেন্দ্র রাজ্যকে অনুকরণ করছে সেখানে সাম্প্রদায়িক শক্তির অপপ্রচার রুখতে বাংলার মাটিতে আমাদের সর্বশক্তি দিয়ে ঝাঁপাতে হবে। এরপরই বেচারামবাবু বীরভূমের উদ্দেশ্যে রওনা হয়ে যান।

সাজানো-গোছানো ক্রীড়াঙ্গন পেল সরপি

চন্দ্রশেখর বন্দ্যোপাধ্যায় ক্রীড়াঙ্গন

নিজস্ব সংবাদদাতা, কাঁকসা ঃ ভালো খেলার মাঠের অভাব ছিল। দীর্ঘদিন ধরেই দুর্গাপুর-ফরিদপুর ব্লকের সরপি গ্রামের বাসিন্দারা চাইছিলেন একটি সুন্দর প্রাচীর দেওয়া খেলার মাঠ। যদি একটা গ্যালারি তৈরি করা যায় তবে সোনায় সোহাগা। কিন্তু দীর্ঘদিন ধরে প্রবীণ থেকে নবীনের মনের আশা আর পূরণ হচ্ছিল না। অবশেষে সেই স্বপ্নপূরণ হয়েছে সরপি গ্রামের বাসিন্দাদের। দুর্গাপুর-ফরিদপুর ব্লকের বিডিওর হাত ধরে সরপি গ্রামের বাসিন্দারা পেয়ে গিয়েছেন প্রাচীর ঘেরা গ্যালারি সমেত এক সুন্দর খেলার মাঠ। খেলার মাঠের প্রধান ফটকের মাথায় লেখা রয়েছে চন্দ্রশেখর বন্দ্যোপাধ্যায় ক্রীড়াঙ্গণ। সরপিবাসীর স্বপ্নপূরণ হওয়ায় খুশী সরপিবাসীরা। স্থানীয় বাসিন্দা শ্যামল রায় বলেন, সরপি গ্রাম বহুকাল ধরেই খেলাধুলার চর্চার জন্য মহকুমায় পরিচিত। কিন্তু ভালো খেলার মাঠ না থাকায় খেলাধুলার চর্চা বেশ কমেই যাচ্ছিল বলে দাবি করেন এই বাসিন্দা। এবার এই সুন্দর মাঠ পাওয়ার পরে এলাকায় খেলাধুলার চর্চা আবার বাড়বে বলে মনে করেন বাসিন্দারা। একাদশ শ্রেণির পড়ুয়া রথীন বন্দ্যোপাধ্যায় বলেন, ছুটির দিনে বিকালে চুটিয়ে খেলা যাবে এবার। স্থানীয় বাসিন্দারা বলেন, সারা বছর ধরে বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা যাবে। ভালো টিম এনে টুর্নামেন্ট করার আর কোন অসুবিধা হবে না বলেই মনে করছেন স্থানীয় বাসিন্দারা। ভালো টুর্নামেন্ট আয়োজন করলে সরপিসহ আশেপাশের বিভিন্ন এলাকায় খেলাধুলার চর্চা বাড়বে এই প্রজন্মের মধ্যে বলেই মনে করছেন এই এলাকার ক্রীড়াপ্রেমী বাসিন্দারা। দুর্গাপুর-ফরিদপুরের বিডিও শুভ সিনহা রায় বলেন, একশো দিনের কাজে এলাকায় বিভিন্ন স্থায়ী সম্পদ সৃষ্টি করা হচ্ছে। সরপি গ্রামের বাসিন্দাদের চাহিদার কথা ভেবে সিদ্ধান্ত নেওয়া হয় সরপি গ্রামে একশো দিনের কাজে তৈরি করা হবে খেলার মাঠ। খেলার মাঠে প্রাচীন এবং একটি গ্যালারি তৈরির সিদ্ধান্ত নেওয়া হয় বলে জানান বিডিও। শুরু হয় অর্থের খোঁজ। বিডিও জানান, রাজ্য সরকার ২০ লক্ষ টাকা দেয় এবং একটি বেসরকারি তৈল উত্তোলক সংস্থা আর্থিক সাহায্যে এগিয়ে আসে। এভাবেই সরপি গ্রামে প্রাচীর আর গ্যালারি সহ তৈরি হয়েছে চন্দ্রশেখর বন্দ্যোপাধ্যায় ক্রীড়াঙ্গণ।

এম. এ. গণি হাসপাতাল
কোর্ট রোড, আরামবাগ, হুগলি
দিবারাত্রী রোগী ভর্তির সুব্যবস্থা আছে।
বিঃ দ্রঃ- স্বাস্থ্যসাথী কার্ড হোল্ডারদের এখানে সম্পূর্ণ বিনামূল্যে সুচিকিৎসার ব্যবস্থা আছে।
Mobile : 9609538713, 9775781615
Phone : 03211 - 255 222

আরামবাগের সর্ব বৃহত্তম লাইসেন্স প্রাপ্ত সংস্থা
আস্থা ডায়গনষ্টিক সেন্টার
ISO 9001 : 2015
আরামবাগ SD হাসপাতাল ও রবীন্দ্র ভবনের সন্নিকটে, হুগলী
Phone : 03211 255-718, 254-334, 9732707195, 9434302153
শুভ উদ্বোধন ৮ই জানুয়ারী ২০১৭ রবিবার
SIEMENS
SPIRAL / 32 SLICE 3D CT SCAN
বর্তমানে একই ছাদের তলায় আমাদের পরিষেবা